

আল-বাকারা | Al-Baqara | الْبَقَرَةُ

আয়াতঃ ২ : ২৩৮

আরবি মূল আয়াত:

حَفِظُوا عَلَى الصَّلَوةِ وَالصَّلْوةِ الْوُسْطَى * وَقُومُوا لِلَّهِ قُنْتِينَ

﴿ ২৩৮ ﴾

A | ✎ অনুবাদসমূহ:

তোমরা সালাতসমূহ ও মধ্যবর্তী সালাতের হিফায়ত কর এবং আল্লাহর জন্য দাঁড়াও বিনীত হয়ে। — আল-বায়ান

তোমরা সলাতের প্রতি যত্নবান হও, বিশেষ করে মধ্যবর্তী সলাতের প্রতি এবং আল্লাহর সামনে বিনীতভাবে দণ্ডয়মান হও। — তাইসিরুল্ল

তোমরা সালাতের প্রতি যত্নবান হবে বিশেষতঃ মধ্যবর্তী সালাতের এবং আল্লাহর উদ্দেশ্যে তোমরা বিনীতভাবে দণ্ডয়মান হও। — মুজিবুর রহমান

Maintain with care the [obligatory] prayers and [in particular] the middle prayer and stand before Allah, devoutly obedient. — Sahih International

২৩৮. তোমরা সালাতের প্রতি যত্নবান হবে(১), বিশেষত মধ্যবর্তী সালাতের(২) এবং আল্লাহর উদ্দেশ্যে তোমরা দাঁড়াবে বিনীতভাবে;

(১) সামাজিক ও তামাদুনিক বিষয় বর্ণনা করার পর সালাতের তাকীদ দিয়ে আল্লাহ এ ভাষণটির সমাপ্তি টানছেন। কারণ, সালাত এমন একটি জিনিষ যা মানুষের মধ্যে আল্লাহর ভয়, সততা, সৎকর্মশীলতা ও পবিত্রতার আবেগ এবং আল্লাহর বিধানের আনুগত্যের ভাবধারা সৃষ্টি করে আর এ সঙ্গে তাকে ন্যায়ের উপর প্রতির্থিত রাখে। মানুষের মধ্যে এ বস্তুগুলো না থাকলে সে কখনো আল্লাহর বিধানের আনুগত্য করার ক্ষেত্রে অবিচল নিষ্ঠার পরিচয় দিতে পারত না।

(২) কতিপয় হাদীসের প্রমাণ অনুসারে অধিকাংশ আলেমের মতে মধ্যবর্তী সালাতের অর্থ হচ্ছে আসরের সালাত। কেননা, এর একদিকে দিনের দুটি সালাত – ফজর ও যোহর এবং অপরদিকে রাতের দুটি সালাত – মাগরিব ও এশা রয়েছে। এ সালাতের জন্য তাকীদ এ জন্য দেয়া হয়েছে যে, অনেক লোকেরই এ সময় কাজকর্মের ব্যস্ততা থাকে। আসরের সালাতের গুরুত্ব বর্ণনায় আদুল্লাহ ইবন উমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যার আসরের সালাত ছুটে গেল তার যেন পরিবার-পরিজন এবং ধন-সম্পদ সবই ধ্রংস হয়ে গেল। [বুখারীঃ ৫৫২] আর হাদীসে ‘নাতকানেতীন’ বা বিনীতভাবে বাক্যটির ব্যাখ্যা করা হয়েছে নীরবতার সাথে। [বুখারীঃ ১২০০]

(২৩৮) তোমরা নামাযসমূহের প্রতি যত্নবান হও; বিশেষ করে মধ্যবর্তী (আসরের) নামাযের প্রতি।[1] আর আল্লাহর সম্মুখে বিনীতভাবে খাড়া হও।

[1] মধ্যবর্তী নামায বলতে আসরের নামাযকে বুঝানো হয়েছে। রসূল (সা):-এর সেই হাদীস দ্বারা এটা নির্দিষ্ট, যাতে খন্দক যুদ্ধের দিন তিনি 'সালাতে উসত্তা'কে আসরের নামায বলে অভিহিত করেছেন। (বুখারী ২৯৩১-মুসলিম ৬২৭নং)

তাফসীরে আহসানুল বাযান

❖ Source — <https://www.hadithbd.com/quran/link/?id=245>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন